

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৯৩(আগরতলা, ০৭।০৩

আমবাসা, ০৭ মার্চ, ২০১৯

বাসুদেব পাড়া গ্রাম পঞ্চায়েতে বিভিন্ন উন্নয়নমূলক কাজ সম্পাদিত

আমবাসা ব্লকের বাসুদেব পাড়া গ্রামপঞ্চায়েতে চলতি অর্থ বছরে এম জি এন রেগায় ২টি পুকুর নির্মাণের কাজ চলছে। এর মধ্যে একটি হবে বাসুদেব পাড়ায়। যার জন্য ব্যয় হবে ৪ লক্ষ ৬ হাজার ২৩১ টাকা। শ্রমদিবস সৃষ্টি হবে ২ হাজার ২৩টি। অন্যটি হবে সুখাংশু ঘোষ পাড়ায়। এর জন্য ব্যয় হবে ৩ লক্ষ ৭২ হাজার ১৪৯ টাকা। শ্রমদিবস সৃষ্টি হবে ১ হাজার ৮০৪টি। অন্যদিকে চলতি অর্থবছরে প্রধানমন্ত্রী আবাস যোজনায় এই পঞ্চায়েতে ১৫৯টি পরিবারকে গৃহ নির্মাণ করে দেওয়া হবে। তাছাড়া স্বচ্ছ ভারত (গ্রামীণ) এবং স্বচ্ছ ভারত (কোষ) প্রকল্পে এই পঞ্চায়েতে ৩৪৮টি পরিবারকে বিজ্ঞান সম্মত শৌচালয় নির্মাণ করে দেওয়া হয়েছে। অটল জলধারা মিশন প্রকল্পে এখন পর্যন্ত ১৩১টি পরিবারকে জলের সংযোগ দেওয়ার আবেদন পত্র জমা নেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী কিশাণ সম্মান নিধি যোজনায় ৭৫টি আবেদন সংগ্রহ করা হয়েছে এবং সবগুলিই নথীভুক্ত হয়েছে। সংশ্লিষ্ট পঞ্চায়েত কার্যালয় থেকে এই তথ্য জানানো হয়েছে।
